# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪৭০

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫২. পেশাব থেকে মাটি পবিত্র করার নিয়ম

## بَابٌ فِي طَهَارَةِ الْأَرْضِ مِنَ الْبَوْلِ

আরবী

أَخْبَرَنَا أَبُو عَبْدِ اللَّهِ الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، ثَنَا يُوسُفُ بْنُ مُوسَى ، نَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ ، نَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ ، نَا الْمُعَلَّى الْمَالِكِيُّ ، عَنْ شَقِيقٍ ، عَنْ عَبْدِ اللَّهِ ، قَالَ : جَاءَ أَعْرَابِيٌّ إِلَى النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ شَيْخٌ كَبِيرٌ ، فَقَالَ : يَا مُحَمَّدُ ، مَتَى السَّاعَةُ ؟ فَقَالَ : " وَمَا أَعْدَدْتَ لَهَا ؟ " قَالَ : لَا وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ نَبِيًّا مَا أَعْدَدْتُ لَهَا مِنْ كَبِيرِ صَلَاةٍ وَلَا صِيَامٍ ، إِلَّا أَنِّي أُحِبُّ اللَّهَ وَرَسُولَهُ . قَالَ : " فَإِنَّكَ مَعَ مَنْ أَحْبَبْتَ " ، قَالَ : فَذَهَبَ الشَّيْخُ فَأَخَذَ يَبُولُ فِي الْمَسْجِدِ ، فَمَرَّ عَلَيْهِ النَّاسُ فَأَقَامُوهُ ، قَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " دَعُوهُ ، عَسَى أَنْ يَكُونَ مِنْ أَهْلِ الْجَنَّةِ " ، فَصَبُّوا عَلَى بَوْلِهِ الْمَاءَ ، كَذَا قَالَ يُوسُفُ : " الْمُعَلَّى الْمَالِكِيُّ " . الْمُعَلَّى مَجْهُولٌ

বাংলা

৪৭০(৩). আবু আবদুল্লাহ আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) .... আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক বৃদ্ধ বেদুঈন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বলল, হে মুহাম্মাদ! কিয়ামত কখন হবে? তিনি জিজ্ঞেস করলেনঃ তুমি তার জন্য কি প্রস্তুতি গ্রহণ করেছ? সে বলল, না, সেই মহান সত্তার শপথ যিনি আপনাকে সত্য দীনসহ নবীরূপে পাঠিয়েছেন। আমি তার জন্য পর্যাপ্ত নামায বা রোযা কিছুই প্রস্তুতিস্বরূপ সংগ্রহ করতে পারিনি, তবে আমি আল্লাহ ও তাঁর রাসূলকে ভালোবাসি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তাহলে তুমি যাকে ভালোবাসো তার সাথেই থাকবে।

রাবী বলেন, অতঃপর বৃদ্ধ লোকটি ফিরে যেতে যেতে তার পেশাবের বেগ হলে সে মসজিদের অভ্যন্তরে পেশাব করতে লাগলো। লোকজন তার নিকট গিয়ে তাকে ধরে ফেললো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমরা তাকে ছেড়ে দাও। হয়ত সে জান্নাতবাসীদের অন্তর্ভুক্ত হবে। অতঃপর তারা তার পেশাবের উপর পানি ঢেলে দিলো।

ইউসুফ ইবনে মূসা অনুরূপ বলেছেনঃ আল-মুআল্লাহ আল-মালিকী। আল-মুআল্লাহ অপরিচিত রাবী।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসঊদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80259

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন